Times Today BD

বিনোদন ডেস্ক | বিনোদন | 28 June, 2025

পাকিস্তানে জন্ম নেওয়া এবং ভারতের মাটিতে তারকা খ্যাতি পাওয়া জনপ্রিয় সংগীতশিল্পী আদনান সামি জানিয়েছেন, তিনি কেবল অর্থের জন্য ভারতে আসেননি, বরং ভারতের মূল্যবোধের প্রতি সম্মান দেখিয়েই দেশটিকে নিজের আবাসস্থল হিসেবে বেছে নিয়েছেন।

সাম্প্রতিক এক সাক্ষাৎকারে আদনান সামি বলেন,

"অনেকেই বলে, আমি টাকার জন্য ভারতে এসেছি। তাদের বলব– আমি কিন্তু কোটি কোটি টাকার সম্পত্তি পাকিস্তানে রেখেই ভারতে এসেছি।"

তিনি আরও বলেন,

"জার্মানি, ইংল্যান্ড, কানাডা বা আমেরিকার নাগরিকত্বও আমার নাগালের মধ্যে ছিল। কিন্তু আমি বেছে নিয়েছি ভারতকে, কারণ এই দেশের মূল্যবোধ আমাকে টানে। পাকিস্তান এমন মূল্যবোধ সহ্য করতে পারে না বলেই আমি দেশ ছাড়ি।"

২০১৫ সালে আদনান সামি ভারতের নাগরিকত্ব পান। তবে এটি সহজ ছিল না বলেও জানান তিনি।

"আমি পাকিস্তানে এমন এক পরিবেশে বড় হয়েছি যেখানে সবসময় ভারতের বিরুদ্ধেই কথা বলা হতো। কিন্তু ভারতে এসে আমার সব ধারণা বদলে গেছে।"

এই শিল্পী ২০২২ সালেও পাকিস্তান সম্পর্কে নিজের অবস্থান স্পষ্ট করেন। এক টুইট বার্তায়

লেখেন–

“মানুষ আমাকে প্রায়ই জিজ্ঞাসা করে, কেন আমি পাকিস্তানকে পছন্দ করি না।আমি বলি, যারা আমাকে ভালোবাসেন, তাদের ওপর রাগ নেই।কিন্তু পাকিস্তানের রাষ্ট্রীয় দৃষ্টিভঙ্গির সঙ্গে আমি একমত হতে পারি না।”

আদনান সামির এই বক্তব্য সামাজিক মাধ্যমে মিশ্র প্রতিক্রিয়ার জন্ম দিয়েছে।কেউ কেউ তাঁর সিদ্ধান্তকে সাহসী বললেও, কেউ আবার একে পাকিস্তানের বিরুদ্ধে ‘অবজ্ঞাসূচক’ বলে উল্লেখ করেছেন।

আদনান সামি সংগীতশিল্পী পাকিস্তান ভারত

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 19:20

URL: https://www.timestodaybd.com/entertainment/3838531772